

কবিতা উৎসব

এবার উৎসব শেষ, তুমি ওহে তুমি ওহে তুমি  
মেধার তামাক থেকে টেনে আনা স্মৃতির আরক  
আমিও তোমার পিছে অনুসরণের রেখা টেনে  
মখোমুখি হয়ে গেছি; আগুন, বাতাস, ধর্মবক

আমাকেও প্লা করে, বিনিময়ে আমার কর্কশ  
স্বর ধায় সে - প্রণবর দিকে, যতিচিহ্নে অনুরূপ  
ক্ষত ধায়, হিমক্ষত, সুরাক্ষত, ক্ষতপ্রাণক্ষত  
শীর্ণকায় ঘোড়ামুখ কুহকিনী হাসে, বলে, চুপ

আমার নিদ্রায় প্রতি জানাও সম্মতি, ধবংস করো  
বিদেহ আমার, আমার বিদেহে জাগো, জাগো ত্রুর  
অঙ্কে, জাগো ঘ্রাণে, ঘ্রাণবাতাসের পথে নির্বাপিত  
প্রায় শরীরেও আভাক্ষীণধাসত্রম, স্বেদসুর

জাগাও আবার, পুনরায় জেগে ওঠে নিশ্চেতনে  
এবার উৎসব শেষ, যথাশব্দ সিউড়িভ্রমণে

রাহুল পুর কায়স্থ

